

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪২৫
১০ ডিসেম্বর ২০১৮

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২১৬.১৮-৪৯৩

বিষয়ঃ কিশোরগঞ্জ জেলার কটিয়াদী উপজেলাধীন বাইরকান্দি বালিকা দাখিল মাদ্রাসার সুপার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-৪৩৮/২০১৮ মামলায় Md. Sohrab Hossain, Secretary, Ministry of Education. ব্যক্তি নামে করায় নিষ্পত্তিকরণের বিষয়টি সংশ্লিষ্ট কনটেম্পট আদালতে কনটেম্পট মামলার জবাব (Affidavit in Opposition) প্রদান।

সূত্রঃ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৬৫.১৪-৪৯২, তারিখ: ১০ ডিসেম্বর ২০১৮।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার কটিয়াদী উপজেলাধীন বাইরকান্দি বালিকা দাখিল মাদ্রাসাটি শিক্ষা মন্ত্রণালয়ের ৩১/০৫/২০১০ তারিখের শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২০৯ সংখ্যক স্মারকমূলে নতুন এমপিওভুক্ত প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত হয়।

০২। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১৬/৬/২০১০ তারিখের শিম/শা:১৩/ এমপিও-১২/২০০৯/২২৯ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটিকে নির্বাচিত এমপিও তালিকা থেকে বাতিল করা হয়।

০৩। এর ফলে বর্ণিত প্রতিষ্ঠানের সুপার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫২২৮/২০১৪ দায়ের করা হয়। উক্ত রিট পিটিশনের ১১/০৯/২০১৪ খ্রি. তারিখের রায় নিম্নরূপ:

"The respondents concerned are hereby directed to include the name of the said institution in the list of MPO for the financial year 2009-2010 provided it fulfills the requirements as stipulated in the "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" ২০১০, (in short, the Janabul Kathamo, 2010)", within a period of 90 (ninety) days from date of receipt of the copy of the judgment and order.

০৪। উক্ত রিট মামলার রায়ের নির্দেশনা অনুযায়ী অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১৫/০২/২০১৬ খ্রি. তারিখের ৭১ সংখ্যক স্মারকমূলে রায় বাস্তবায়ন করা হলে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর কর্তৃক বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণের অনুকূলে সেপ্টেম্বর/২০১৬ মাসে এমপিওভুক্ত করা হয়।


০৫। পরবর্তীতে বর্ণিত প্রতিষ্ঠানের সুপার মহামান্য হাইকোর্টের গত ১১/০৯/২০১৪ খ্রি. তারিখের রায়ের নির্দেশনা অনুযায়ী বিগত ২০০৯-১০ অর্থবছরের মে/২০১০ হতে আগস্ট/২০১৬ পর্যন্ত বকেয়া এমপিও ছাড়করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করলে উক্ত আবেদনটি নিষ্পত্তি না হওয়ায় পিটিশনার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৪৩৮/২০১৮ দায়ের করা হয়।

০৬। উক্ত কনটেম্পট মামলায় Respondent-contemnor হলেন Md. Sohrab Hossain, Secretary, Ministry of Education. এ কনটেম্পট পিটিশনটি ব্যক্তিগত নামে করা হয়েছে বিধায় জবাব দাখিল করা প্রয়োজন।

০৭। যেহেতু উক্ত মাদ্রাসাটি গত সেপ্টেম্বর/২০১৬ মাস হতে এমপিওভুক্তক্রমে বর্তমান এমপিও চালু আছে এবং যেহেতু মহামান্য হাইকোর্টের গত ১১/০৯/২০১৪ তারিখের আদেশে উক্ত প্রতিষ্ঠানটি ২০০৯-২০১০ অর্থবছর হতে এমপিওভুক্তির নির্দেশনা রয়েছে সেহেতু ২০০৯-২০১০ অর্থবছরের মে/২০১০ হতে আগস্ট/২০১৬ পর্যন্ত সময়ের বকেয়া এমপিও পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রমূলে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সকলকে পত্র দেয়া হয়েছে (কপি সংযুক্ত)।

০৮। এমতাবস্থায়, কনটেম্পট পিটিশন নং-৪৩৮/২০১৮ (রিট পিটিশন নং-৫২২৮/২০১৪ হতে উদ্ধৃত) মামলার দায় ব্যক্তিগত বিধায় আলোচ্য মামলা থেকে অব্যাহতি প্রদানের নিমিত্ত নিষ্পত্তিকরণের বিষয়টি সংশ্লিষ্ট কনটেম্পট আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিল করাসহ কনটেম্পট আদালতকে অবহিতির জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে- ০১ (এক) পাতা।


(মো: জাহাঙ্গীর হোসেন বোপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৭৫২৭২


সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২১৬.১৮-৪৯৩

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪২৫
১০ ডিসেম্বর ২০১৮

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ, ইক্সটেন রোড, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। অফিস কপি/মাস্টার কপি।


(মো: জাহাজীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৭৫২৭২